


**অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) কার্যক্রম**

মন্ত্রণালয়/বিভাগের নাম: প্রতিরক্ষা মন্ত্রণালয়

মাসের নাম: সেপ্টেম্বর ২০২০

মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
প্রতিরক্ষা মন্ত্রণালয়	২টি	---	---	২টি	<p>১। জনাব মোঃ আবুল বাসার, সহকারী আবহাওয়াবিদ এর বিরুদ্ধে কুতুবদিয়ার অবসরপ্রাপ্ত নিরাপত্তা প্রহরী জনাব মোঃ জমির উল্লাহ কর্তৃক আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে স্মারক নং ২৩.০০.০০০০.০৪০.০১.০০৪.১৮.২৮০, তারিখ ২৩ সেপ্টেম্বর ২০১৮ এর মাধ্যমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হয়। অভিযোগের জবাব দানের পর গত ২৫ নভেম্বর ২০১৮ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয় জনাব মোঃ আবুল বাসারের ব্যক্তিগত শুনানী গ্রহণ করেন। ব্যক্তিগত শুনানী সন্তোষজনক না হওয়ায় মামলাটি বিভাগীয় তদন্তে প্রেরণ করা হয়। তদন্ত কর্মকর্তা ২৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে স্মারক নং ২৩.০০.০০০০.০৪০.০১.০০৪.১৮.১১৭, তারিখ ২৪ মার্চ ২০২০ এর মাধ্যমে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়। ২য় কারণ দর্শানোর জবাবও সন্তোষজনক না হওয়ায় তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী চাকুরি থেকে বরখাস্তকরণের বিষয়ে গত ১৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে সরকারি কর্মকমিশনের পরামর্শ চাওয়া হয়েছে।</p> <p>২। জি ই (আর্মি) এর অধীনে কর্মরত জেনারেলের অপারেটর মোঃ নাসির উদ্দিন এর বিরুদ্ধে স্ত্রী মেবিনা বেগমকে নির্যাতনসহ স্ত্রী ও কন্যাকে ভরনপোষণ না দেওয়ার ১টি অভিযোগ প্রতিরক্ষা মন্ত্রণালয় পাওয়া যায়। এ অভিযোগের পরিপ্রেক্ষিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ এর ৬.৩ (ছ) অনুচ্ছেদ অনুযায়ী অভিযোগের বিষয়ে তদন্ত করে ১০(দশ) কর্মদিবসের মধ্যে সুস্পষ্ট প্রতিবেদন প্রেরণের জন্য জি ই (আর্মি) মিরপুর সেনানিবাসকে অনুরোধ করা হলে জি ই (আর্মি) মিরপুর এ বিষয়ে উভয়পক্ষের একটি আপোষনামা প্রেরণ করে। আপোষনামার সত্যতা যাচাইয়ের জন্য অভিযোগকারী মোসা: মেবিনা বেগম পিতা-আ: মনন শরীফ সাং দিনার, থানা-বন্দর জেলা-বরিশাল (উকিল নোটিশে উল্লিখিত) গ্রামের ঠিকানায় গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে পত্র লিখা হয়েছে। এখনও কোন জবাব পাওয়া যায়নি। উকিল নোটিশের কপি প্রেরণের পর অভিযোগকারী এ পর্যন্ত আর কোন যোগাযোগ করেনি। এমতাবস্থায়, আপোষনামার সত্যতা বিষয়ক জবাব না পাওয়া পর্যন্ত বিষয়টি নথিজাত করে রাখা হয়েছে।</p>

  
 (আফিয়া খান)

যুগ্ম সচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা  
 প্রতিরক্ষা মন্ত্রণালয়